



পিসির ঝুট়ুমেলা

ট্রাবলশুটার টিম

সমস্যা : আমার পিসি স্টার্ট করার বেশ কিছুক্ষণ পর হঠাৎ করে মনিটর স্লিপ মোডে চলে যায়। মনিটরের লাইট জ্বলে-নিভে, পিসির হার্ডডিস্কের লাইট নিতে থাকে, কিন্তু পাওয়ার লেড অন থাকে। কিবোর্ডের নিউমেরিক লাইট জ্বলে থাকে, কি চাপলেও নেভে না। এ অবস্থায় পাওয়ার বা রিস্টার্ট বাটন কোনোটাই কাজ করে না। পাওয়ার ক্যাবল খুলে ২০-২৫ মিনিট পর আবার সংযোগ দিলে ঠিক হয়ে যায়। কিন্তু আবার একই সমস্যা দেখা দেয় ঘষ্টার মধ্যেই। উল্লেখ্য, আমার আলাদা কোনো গ্রাফিক্সকার্ড নেই।

—জুনাইদ চৌধুরী

সমাধান : আপনার পিসির পাওয়ার সাপ্লাইয়ের সমস্যা হতে পারে। যতটুকু পাওয়ার সিস্টেমের দরকার, তার ঠিকমতো না পেলে অনেক সময় এ ধরনের সিস্টেমে হ্যাঁ জাতীয় সমস্যা দেখা দেয়। পিসির পাওয়ার সাপ্লাই ইউনিটটি কোনো সার্ভিস সেন্টারে নিয়ে চেক করে দেখুন তা ঠিক আছে কি না। যদি পাওয়ার

সাপ্লাইয়ে সমস্যা হয়ে থাকে, তাহলে সিস্টেমের রিকোয়ারেন্ট অনুযায়ী ভালোমানের পাওয়ার সাপ্লাই ইউনিট কিনে নিন। পিসির ধূলোবালি পরিকার বাখুন এবং বদ্ব জায়গায় পিসি রাখবেন না, যেখানে সিস্টেম বেশি গরম হয়ে যাওয়ার আশঙ্কা থাকে।

সমস্যা : আমি ২০০৫ সাল থেকে কম্পিউটার জগৎ-এর একজন নিয়মিত পাঠক। আমার সংগ্রহে ১১০টির মতো ম্যাগাজিন রয়েছে। আপনাদের ম্যাগাজিনে যেসব গেমের রিভিউ থাকে তা বেশ ভালো। কিন্তু সমস্যা হচ্ছে সেসব গেম আমি বাজারে খুঁজে পাই না। ইন্টারনেট থেকেও আমি বেশ কয়েকটি গেম পাইনি। আমার পছন্দের গেমের তালিকায় রয়েছে এন্ড্রো ২০৭০, ফ্যান্টম পেইন ইত্যাদি। আমি গেমগুলো টরেন্ট ক্লায়েন্ট দিয়েও ডাউনলোড করতে পারিনি। আমি ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন ব্যবহার করি। আমি কভিংবে গেমগুলো ইন্টারনেট থেকে ডাউনলোড করতে পারব তা জানাবেন।

—রাফিদ আল জাওয়াদ



সমাধান : মোটামুটি সব গেমই মার্কেটে পাওয়া যায়। বড় বড় কম্পিউটার গেম-ডিভিডি বিক্রেতার কাছে পাওয়া যাবে বা তাদের কাছে বলে রাখলে তারা তাদের সাপ্লাইয়ারের কাছে এ ব্যাপারে জানাবে। যদি দোকানে না পান তবে ইন্টারনেট থেকে তা ডাউনলোড করে নিতে পারেন। দ্য পাইরেট বে, কিকএস টরেন্টস, আইএসওহান্ট, সুমো টরেন্টস ইত্যাদি টরেন্ট সাইটে সার্চ করলেই গেমগুলো পেয়ে যাবেন। টরেন্ট ডাউনলোডের সময় যে টরেন্টে বেশি সিডার ও লিচার আছে তা ডাউনলোড করুন। যে টরেন্টে সিডার নেই কিন্তু লিচার আছে, সেটি থেকে ডাউনলোড হবে না। তাই টরেন্ট ডাউনলোড করার আগে সিডার আছে কি না তা দেখে নিন। সিডার থাকলে আপনার টরেন্ট ফাইল ডাউনলোড করতে পারবেন। সিডার বেশি হলে টরেন্ট ডাউনলোডও হবে তাড়াতাড়ি।

ফিডব্যাক : jhutjhamela24@gmail.com